

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮

খোয়াই, ৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
খোয়াইয়ে ভোটকর্মীদের মহড়া সম্পন্ন

খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত ভোটকর্মীদের নিয়ে এক মহড়া অনুষ্ঠিত হয়। প্রিসাইডিং অফিসার এবং ফাস্ট পোলিং অফিসাদের নিয়ে অনুষ্ঠিত এই মহড়ায় ১২ জন মাস্টার ট্রেইনার কীভাবে ভোটদান পর্ব সম্পন্ন করতে হবে সে বিষয়ে প্রশিক্ষণ দেন। এই প্রশিক্ষণ শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই মহকুমার মহকুমা শাসক তথা ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের এআরও মেঘা জৈন, এআরও পরিমল মজুমদার, এআরও কেশব কর প্রমুখ। এই মহড়ায় ২১৫ জন প্রিসাইডিং অফিসার এবং ২৩৭ জন ফাস্ট পোলিং অফিসার অংশগ্রহণ করেন।
